

## 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৭১৫

১৯. অনুমতি গ্রহণ অধ্যায় (کتاب الاستئذان) পরিচ্ছেদঃ ৪৫. পশুকে লা'নত করা নিষেধ

# باب فِي النَّهْي عَنْ لَعْنِ الدَّوَابِّ

#### আরবী

أَخْبَرَنَا سُلَيْمَانُ بْنُ حَرْبٍ حَدَّثَنَا حَمَّادُ بْنُ زَيْدٍ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي قِلَابَةَ عَنْ أَبِي الْمُهَلَّبِ عَنْ عَمْرَانَ بْنِ حُصَيْنٍ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ فِي سَفَرٍ فَسَمِعَ لَعْنَةً فَقَالَ مَا هَذَا قَالُوا فُلَانَةُ لَعَنَتْ رَاحِلَتَهَا فَقَالَ ضَعُوا عَنْهَا فَإِنَّهَا مَلْعُونَةٌ قَالَ فَوَضَعُوا عَنْهَا قَالَ عِمْرَانُ كَأَنِّي أَنْظُرُ إِلَيْهَا نَاقَةً وَرْقَاءَ

#### বাংলা

২৭১৫. ইমরান ইবন হুসাইন রাদ্যাল্লাহু আনহু হতে বর্ণিত। নবী করীম সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কোন এক সফরে যেতে যেতে পথিমধ্যে অভিশাপের বাণী শুনতে পেলেন। তিনি জিজ্ঞাসা করলেন, "কেন এ অভিশাপ?" লোকজন উত্তরে বললেন, অমুক নারী তার ভারবাহী পশুকে অভিশাপ দিচ্ছে। তখন তিনি বললেনঃ "তোমরা (এর পিঠ হতে) তাকে তার (মালপত্রসহ) নামিয়ে ফেল। কারণ তার পশুটি তো অভিশপ্ত।" লোকজন তাকে নামিয়ে ফেলল। ইমরান বলেন, আমি যেন এখনও উক্ত পশুটিকে দেখতে পাচ্ছি যে, তা একটি সাদা- কালো মিশ্রিত উটনীছিল।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক: এর সনদ সহীহ।

তাখরীজ: মুসলিম, বিরর ওয়াস সুলহ ২৫৯৫। (আবূ দাউদ, জিহাদ ২৫৬১)

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৫৭৪০, ৫৭৪১ তে।

সংযোজনী: এছাড়াও, তাবারাণী, কাবীর ১৮/১৮৯ নং ৪৫০; ইবনু আবী শাইবা নং ৫৯৮৩; আব্দুর রাযযাক, নং



### ১৯৫৩২।

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইমরান ইবনু হুসায়ন (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন